গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

# ফেব্রুয়ারি ২০২৬ মাসের প্রকল্প পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর |
| তারিখ | : | ০৯.০২.২০২৬ খ্রি. |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| ক্র: নং | নাম ও পদবী | দপ্তর/ প্রকল্পের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব এম এ আখের, পরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক | টেকাব (২য় পর্ব) ও ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ (২য় পর্ব) প্রকল্প | স্বাক্ষরিত |
| ০২. | জনাব মোঃ মানিকহার রহমান, পরিচালক (অর্থ) ও প্রকল্প পরিচালক | দেশের ৪৮টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি প্রকল্প | ,, |
| ০৩. | জনাব কাজী মোখলেছুর রহমান, অতিরিক্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালক | Economic Acceleration and Resilience for NEET (EARN) প্রকল্প | |
| ০৪. | জনাব মোহাম্মদ হুমায়ুন কবির পরিচালক (পরিকল্পনা) | যুব উন্নয়ন অধিদপ্তর | |
| ০৫. | জনাব মোঃ সেলিম খান অধ্যক্ষ ও প্রকল্প পরিচালক | কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকা-এর প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ (১ম সংশোধিত) প্রকল্প | ” |
| ০৬. | জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক | ইমপ্যাক্ট ৩য় পর্যায় প্রকল্প যুব উন্নয়ন অধিদপ্তর | ” |
| ০৭. | জনাব মোঃ আতিকুর রহমান প্রকল্প পরিচালক | এ আই প্রকল্প যুব উন্নয়ন অধিদপ্তর | ,, |
| ০৮. | জনাব মরিয়ম আক্তার উপপরিচালক | যুব উন্নয়ন অধিদপ্তর | |
| ০৯. | জনাব হেলেনা আফরোজ ডেপুটি কো-অডিনেটর | যুব উন্নয়ন অধিদপ্তর | |
| ১০. | জনাব মোঃ হাছিনুর রহমান তালুকদার সহকারী পরিচালক (পরিকল্পনা) | যুব উন্নয়ন অধিদপ্তর | |
| ১১. | জনাব মোঃ শওকত আলী সহকারী পরিচালক (পরিকল্পনা) | যুব উন্নয়ন অধিদপ্তর | ” |

৩.০ উপস্থাপনা:

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে ২০২৫-২০২৬ অর্থবছরের ফেব্রুয়ারি ২০২৬ মাসের প্রকল্প পর্যালোচনা সভার কার্যক্রম শুরু করেন। সভার কার্যপত্র উপস্থাপনের আহ্বান জানালে উপপরিচালক (পরিকল্পনা) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরিত গত ১২ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত প্রকল্প পর্যালোচনা সভার অনুমোদিত কার্যবিবরণী সকলের সম্মতিতে দৃঢ়ীকরণ করা হয়।

৩.১ উপপরিচালক (পরিকল্পনা) সভায় উপস্থাপন করেন যে, ২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপিতে যুব উন্নয়ন অধিদপ্তরের মোট ১০টি উন্নয়ন প্রকল্পের বরাদ্দ অন্তর্ভুক্ত রয়েছে। বর্ণিত প্রকল্পসমূহের অনুকূলে মোট আরএডিপি বরাদ্দ ৫৭৮১১.৯৮ লক্ষ টাকা। আলোচ্য অর্থবছরের জানুয়ারি ২০২৬ মাস পর্যন্ত প্রকল্পগুলোর অনুকূলে বরাদ্দের বিপরীতে ব্যবহৃত অর্থের পরিমাণ ১১৫৮৬.০৮ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ২০.০৪%।

৩.২ উপপরিচালক (পরিকল্পনা) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভায় প্রকল্প ভিত্তিক অগ্রগতির বিস্তারিত আলোচনা শুরু করেন। তিনি যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন চলমান আরএডিপিতে অন্তর্ভুক্ত ১০টি প্রকল্পের জানুয়ারি ২০২৬ পর্যন্ত সময়ে নিম্নরূপ অগ্রগতি উপস্থাপন করেনঃ

ক) ২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপি বরাদ্দ ও ব্যয়:

(লক্ষ টাকায়)

| নং | মোট প্রকল্প | আরএডিপি বরাদ্দ | ব্যয় (শতকরা হার) |
|---|---|---|---|
| ০১. | ১০টি | ৫৭৮১১.৯৮ | ১১৫৮৬.০৮<br>২০.০৪ % |

চলমান প্রকল্প

| নং | প্রকল্পের নাম | আর্থিক অগ্রগতি (লক্ষ টাকায়) | |
|---|---|---|---|
| | | বরাদ্দ | ব্যয় (%) |
| ০২ | টেকনোলজি এম্পাওয়ারমেন্ট সেন্টার অন হইলস ফর দ্য আন্ডার প্রিভিলেইজড রুরাল পিপল অব বাংলাদেশ (২য় পর্যায়) | ৯৯৮.০০ | ৪৯০.২৬<br>৪৯.১২% |
| ০১ | দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত) | ৫০০০.০০ | ৭১৮.৩৪<br>১৪.৩৭% |
| ০৩ | LYTC & SNYP Life Skills Project | ৩১.০০ | ০.০০ |
| ০৪ | Economic Acceleration and Resilience for NEET (EARN)) | ২৯৮৫৬.০০ | ৫৩৮.৮৯<br>১.৮০৫% |
| ০৫ | Leaving No One Behind: Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar, Bangladesh (ISEC) | ৩৮৬৮.০০ | ২২৯৫.৪৭<br>৫৯.৩৫% |
| ০৬ | ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি | ২৪১.৫৩ | ১৯.৮৬<br>৮.২২ % |
| ০৭ | কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | ১২৩১.৯৫ | ৫৮৭.১৭<br>৪৭.৬৬ % |
| ০৮ | ৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)" | ১৫৮৪.০০ | ৭৩৩.২০<br>৪৬.২৯% |
| ০৯ | দেশের ৪৮টি জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি | ১৩৬৭৬.৫০ | ৬২০২.৮৯<br>৪৫.৩৫% |
| ১০ | তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রকল্প | ১৩২৫.০০ | ০.০০% |
| | সর্বমোট= | ৫৭৮১১.৯৮ | ১১৫৮৬.০৮<br>২০.০৪% |

অতঃপর উপস্থিত প্রকল্প পরিচালকবৃন্দকে সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে স্ব-স্ব প্রকল্প ভিত্তিক আলোচনার জন্য আহবান জানানো হয়।

৪.০ আলোচনা:

**৪.১ "টেকনোলজি এম্পাওয়ারমেন্ট সেন্টার অন হইলস ফর দ্য আন্ডার প্রিভিলেইজ ও রুরাল পিপল অব বাংলাদেশ (টেকাব-২য় পর্যায়)" প্রকল্প:** প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের পুড়ে যাওয়া ১টি আইসিটি ট্রেনিং ভ্যান ক্রয়ের নিমিত্ত অর্থ মন্ত্রণালয়ের প্রস্তাব গত ১৮ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় থেকে প্রেরণ করেছেন। প্রকল্পের প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে দ্বৈততা পরিহার করার বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদেরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্পের প্রশিক্ষণ কাজের অগ্রগতি প্রকল্প পরিচালক ও প্রকল্পের পিআইইউ কর্মকর্তাগণ নিয়মিতভাবে সহয়জমিন পরিদর্শন এবং মনিটরিং করে প্রশিক্ষণ কার্যক্রমের গুণগত মান নিশ্চিত করার প্রচেস্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
ক) আইসিটি ট্রেনিং ভ্যান ক্রয়ের ব্যাপারে অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করেছেন বলে প্রকল্প পরিচালক জানান।

৪.২. **"দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্যায়) (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প:** প্রকল্প পরিচালক সভায় জানান যে, জেলা ঋণ কমিটি প্রকল্পের উপকারভোগীদের অনুকূলে ঋণ অনুমোদন করবে এবং ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম উপজেলা কার্যালয় থেকে পরিচালিত হবে। জেলা কার্যালয়ের সহকারী পরিচালক কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। সহকারী পরিচালনা না থাকলে সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা উক্ত কমিটিতে সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন। উপজেলা থেকে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালিত হবে। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং প্রকল্পের ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার ঋণের যৌথ স্বাক্ষর করবেন। ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার না থাকলে তার স্থলে বায়োগ্যাস সাবএসিসটেন্ট ইঞ্জিনিয়ার ঋণের চেকে যৌথ স্বাক্ষর করবেন। স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক ঋণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে এবং ঋণ বিতরণ ও আদায় যথাযথভাবে তদারকি করা হচ্ছে। বার্ষিক উন্নয়ন ঋণ কর্মসূচি ২০২৫-২০২৬ এবং বাৎসরিক বাজেট ২০২৫-২০২৬ বহিতে প্রকল্পের অনুকূলে বরাদ্দের মিল না থাকায় প্রশিক্ষণ খাতের অর্থ ছাড় করা হলেও ব্যয় করা যায়নি। বর্তমানে সংশোধিত এডিপি বরাদ্দ পাওয়া গিয়াছে। ফেব্রুয়ারি ২০২৬ মাসের শেষ সপ্তাহে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা যাবে।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
ক) যথাযথভাবে প্রকল্পে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন কার্যক্রম তদারিক করতে হবে।
খ) প্রশিক্ষণ নির্ধারিত সময়ের মধ্যে শুরু ও সমাপ্ত করতে হবে।
গ) ঋণ প্রদানের ক্ষেত্রে সকল নিয়মনীতি প্রতিপালন করেত হবে।

৪.৩. **"Life Skills Education in Youth Training Center & Strengthening of National youth platform (LYTC & SNYP) Project":** প্রকল্প পরিচালক জানান যে, বরাদ্দ প্রাপ্তির ব্যাপারে UNFPA এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কার্যক্রম শুরু করা হবে। সরকারী বিধি মোতাবেক গাড়ি ব্যবহার করা হচ্ছে।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. বরাদ্দ প্রাপ্তির ব্যাপারে ইউএনএফপি এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
২. সরকারী বিধি মোতাবেক গাড়ি ব্যবহার করতে হবে।

৪.৪ **"Economic Acceleration and Resilience for the NEET (EARN)" শীর্ষক প্রকল্প:** প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের আওতায় ১০টি প্যাকেজের ন সার্ভিস প্রোভাইডার (এসপি) নিয়োগে প্রাপ্ত RFP-সমূহের Technical Proposal গুলো মূল্যায়ন করে মতামতের জন্য পাঠানো হলে বিশ্বব্যাংক No Objection Letter (NOL) দিয়েছে। বিশ্বব্যাংকের NOL পাওয়ার পর Financial Offfer Opening হয়েছে। এরপর Combined Evaluation সম্পন্ন হলে নির্বাচিত এনজিও/ফার্মগুলোকে Negotiation এর জন্য আহ্বান করা হবে। প্রকল্পের সার্বিক অগ্রগতি স্বাভাবিক রাখতে এবং শতভাগ ব্যয় নিশ্চিত করতে অর্থবছরের শুরু হতে কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা অনুযায়ী ধারাবাহিকভাবে ব্যয় করা হচ্ছে। চলতি অর্থবছরের আরএডিপিতে ২৯৮৫৬.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে, যার মধ্যে জিওবি খাতে ২৫৬.০০ লক্ষ টাকা এবং আরপিএল খাতে ২৯৬০০.০০ লক্ষ টাকা। এর মধ্যে জানুয়ারি' ২০২৬ পর্যন্ত ব্যয় হয়েছে ৮০০.৬০ লক্ষ টাকা। সার্ভিস প্রোভাইডার (এসপি) নিয়োগের কাজ চলমান রয়েছে।

সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
ক) সার্ভিস প্রোভাইডার (এসপি) নিয়োগের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।
খ) ২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপি বরাদ্দের সম্পূর্ণ অর্থ ব্যয় করতে হবে।

৪.৫ **"Leaving No One Behind: Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar, Bangladesh (ISEC)" Project:** পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির মেয়াদকাল ৩০/১১/২৫খ্রি. মেয়াদ শেষে ৩০/১১/২৬খ্রি. তারিখ পর্যন্ত ১বছর বাড়ানো হয়েছে। মেয়াদ বৃদ্ধির সময়কালের পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম মাঠ পর্যায়ে পরিচালনা করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে কর্মপরিকল্পনা প্রস্তুত করা হচ্ছে। এছাড়া, সে সকল ট্রেড গ্রহণ করা হলে শতভাগ কর্মসংস্থান নিশ্চিত করা যাবে সেলক্ষ্যে STPS প্রধানগণের সাথে আলোচনা/মিটিং করে ট্রেডগুলো সিলেকশন করা হচ্ছে এবং প্রশিক্ষণ বাস্তবায়নের কৌশল নির্ধারণ চলমান আছে।

সিদ্ধান্ত:

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. সংশোধিত এডিপি এর বরাদ্দ অনুযায়ী ১০০% বাস্তব ও আর্থিক অগ্রগতি নিশ্চিত করাতে হবে।

৪.৬ **"ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি" প্রকল্প:** প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের কাজ অব্যাহত রেখে শতভাগ অগ্রগতি অর্জনের কাজ চলমান রয়েছে। মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত এবং প্রাক্কলিত ব্যয় ৫০ কোটি টাকার উর্ধ্বের প্রকল্প ফিজিবিলিটি ষ্ট্যাডির কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে। পরিকল্পনা মাফিক নির্ধারিত সময়ে সমীক্ষা সম্পন্ন করে স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন যথাসময়ে দাখিল করা হবে। প্রকল্প বাস্তবায়নে বাস্তব অগ্রগতির তথ্য ও চিত্র সভায় উপস্থাপন করা হবে।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. প্রকল্পের কাজ অব্যাহত রেখে শতভাগ অগ্রগতি অর্জন করতে হবে।
২. যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত পরিকল্পনা কমিশনের আরএডিপির সবুজ পাতায় অন্তর্ভুক্ত যে সকল প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০ কোটি টাকার উর্ধ্বে সে সকল প্রকল্পের ফিজিবিলিটি ষ্ট্যাডি দ্রুতসময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।
৩. পরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ে সমীক্ষা সম্পন্ন করে স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে হবে।
৪. প্রকল্প বাস্তবায়নে বাস্তব অগ্রগতির তথ্য, চিত্র সভায় উপস্থাপন করতে হবে।

৪.৭. **"কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকা-এর প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ (১ম সংশোধিত)" প্রকল্প:** প্রকল্প পরিচালক জানান যে, ভৌত অবকাঠামো সংস্কারের ক্ষেত্রে পূর্বের অবকাঠামোর চিত্র, মেরামতকালের চিত্র ও উন্নয়ন কার্যক্রম সম্পন্ন হওয়ার পরের চিত্রের প্রমাণক এবং প্রমাণকে স্পেসিফিক ক্যাপশনসহ প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় উন্নয়নমূলক কার্যক্রমের বিস্তারিত তথ্য নিম্নে উপস্থাপন করা হলো:

| ক্রমিক | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি (শুরু হতে জানুয়ারি ২০২৬ পর্যন্ত) | শতকরা হার |
|---|---|---|---|---|
| ১ | প্রশিক্ষণ | ২১৩০ জন | ১৪২২ জন | ৬৬.৭৬% |
| ২ | কর্মশালা | ৪টি | ২টি | ৫০% |
| ৩ | কারিকুল্যাম | ১০টি | ১০টি | ১০০% |
| ৪ | কম্পিউটার ক্রয় | ৮৪টি | ৮৪টি | ১০০% |
| ৫ | অন্যান্য যন্ত্রপাতি | ২৬৭টি | ১৯১টি | ৭১.৫৪% |
| ৬ | বৈদ্যুতিক সরঞ্জামাদি | ১৩৪টি | ১৩৪টি | ১০০% |
| ৭ | বিছানাপত্র | ১২০০টি | ১২০০টি | ১০০% |
| ৮ | মাস্টার প্লান | ১টি | ১টি | ১০০% |
| ৯ | খেলার সামগ্রী | ৮৩টি | ৮৩টি | ১০০% |
| ১০ | ক্যামেরা ও আনুষঙ্গিক | ১টি | ১টি | ১০০% |
| ১১ | মধ্যবর্তী মূল্যায়ন | ১টি | ১টি | ১০০% |
| ১২ | আসবাবপত্র | ৫৮৪টি | ৫৮৪টি | ১০০% |
| ১৩ | আবাসিক ভবন | ২টি | আংশিক | ৬৪.৪৯% |
| ১৪ | অনাবাসিক ভবন | ৪টি | আংশিক | ৯১.৭৯% |
| ১৫ | অন্যান্য ভবন ও স্থাপনা | ১০টি | আংশিক | ৪৬.০৪% |

প্রকল্প বাস্তবায়নের বাস্তব অগ্রগতির তথ্য, চিত্র, ভিডিওসহ গ্রাফিক্যালি উপস্থাপন ও সংরক্ষণ করা হচ্ছে। ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের জানুয়ারি ২০২৬ পর্যন্ত ৪৭.৬৬% ভাগ ব্যয় করা হয়েছে। এ অর্থবছরে শতভাগ ব্যয় নিশ্চিত করা হবে।

সিদ্ধান্ত:
১। অবকাঠামো মেরামত ও সংস্কার সংক্রান্ত পূর্বের ও পরের প্রমাণক সংরক্ষণ করতে হবে।
২। আরএডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।

৪.৮ **"৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)" প্রকল্প:** প্রকল্প পরিচালক জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে সংশোধিত এডিপি'তে প্রকল্পটির অনুকূলে ১৫৮৪.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে প্রকল্পের অনুকূলে ৩য় কিস্তি পর্যন্ত ছাড় করা হয়েছে ৮৬৯.৬০ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে জানুয়ারি ২০২৬ পর্যন্ত ৭৩৩.২০ লক্ষ টাকা (বরাদ্দের ৪৬.২৮%)। প্রকল্পের শুরু হতে জানুয়ারি ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৩২০৫.৮৯ লক্ষ টাকা (প্রাক্কলিত ব্যয়ের ৭৩.১৩%)। প্রকল্পের আওতায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির জন্য অধিদপ্তরের বিদ্যমান ২৭৪টি কম্পিউটারসহ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে আধুনিক প্রশিক্ষণ যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সরবরাহ করা হচ্ছে। প্রকল্পের আওতায় ডিসেম্বর ২০২৫ পর্যন্ত মোট ৪৭,২৩১ জন উপকারভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে জানানো হয়। প্রকল্পের আওতায় সরবরাহকৃত মালামাল/সরঞ্জামাদি রেজিস্ট্রারে এন্ট্রি নিশ্চিত করার জন্য সভাপতি প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত:
ক. প্রকল্পের আওতায় সরবরাহকৃত মালামাল/সরঞ্জামাদি রেজিস্টারে এন্ট্রি নিশ্চিত করতে হবে।
খ. প্রকল্প মেয়াদে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% নিশ্চিত করতে হবে।
গ. এডিপি'তে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।
ঘ. প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।

৪.৯ **"দেশের ৪৮ জেলায় শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি" শীর্ষক প্রকল্প:** সভায় আলোচনাকালে প্রকল্প পরিচালক জানান যে, দেশের ৪৮টি জেলায় ১ম থেকে ৪র্থ ব্যাচ পর্যন্ত ৩৪জন প্রশিক্ষক ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণ করেছেন। ৩৪ জনের নামের তালিকা কপি সংযুক্ত। প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করতে মাঠ পর্যায়ে পরিদর্শন ও তদারকী বৃদ্ধি করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপি বরাদ্দের সম্পূর্ণ অর্থ ব্যয় করা সম্ভব হবে।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
১. ৪৮টি জেলায় প্রত্যেকটি ব্যাচে এখন পর্যন্ত কতজন প্রশিক্ষক ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং চলমান ব্যাচে কতজন প্রশিক্ষক ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণ করছেন তাদের নামের তালিকা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে;
২. প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন নিশ্চিত করতে মাঠ পর্যায়ে পরিদর্শন ও তদারকী বৃদ্ধি করতে হবে;
৩. ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপি বরাদ্দের সম্পূর্ণ অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে।

৪.১০. **"তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন" প্রকল্প:** প্রকল্প পরিচালক সভায় জানান যে, "তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন" প্রকল্পের র আউটসোর্সিং প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে গত ০২ ডিসেম্বর ২০২৫ তারিখে EoI বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে এবং BPPA (CPTU) এর ওয়েবসাইটেও প্রকাশিত হয়েছে। বিজ্ঞপ্তিটি দি ফিন্যান্সিয়াল এক্সপ্রেস পত্রিকায় ০৩ ডিসেম্বর ২০২৫ তারিখে এবং প্রথম আলো পত্রিকায় ০৪ ডিসেম্বর ২০২৫ তারিখে প্রকাশিত হয়েছে। EoI দাখিলের সর্বশেষ সময়সীমা ছিল ১৮ ডিসেম্বর ২০২৫ খ্রি.। অত:পর গত ০৫ এবং ২৭ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখে দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটির দু'টি সভা অনুষ্ঠিত হয়েছে। মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। ৩য় সভা আগামী ১৮.০২.২০২৬খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। ২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে মোট ১৩২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দ সাপেক্ষে ব্যয় ১০০% নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সিদ্ধান্ত:
সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
ক) EoI মূল্যায়নপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। বরাদ্দ সাপেক্ষে ব্যয় নিশ্চিত করতে হবে।

৪.১১ এছাড়া ২০২৫-২৬ অর্থ বছরে অননুমোদিত নতুন প্রকল্পসমূহের ডিপিপি/টিএপিপি প্রণয়ন ও অনুমোদন ও অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত:
২০২৫-২৬ অর্থ বছরে অননুমোদিত নতুন প্রকল্পসমূহের ডিপিপি/টিএপিপি প্রণয়ন ও অনুমোদন ও অগ্রগতি বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫.০ প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত সঠিক প্রতিবেদন প্রতি মাসের প্রথম ২ কর্মদিবসের মধ্যে পরিকল্পনা উইংএ প্রেরণ নিশ্চিত করতে হবে।

৬.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক (গ্রেড-১)
ফোনঃ ০২-২২৩৩৮৯৩৮৯
dg@dyd.gov.bd

নং- ৩৪.০১.০০০০.০২৫.০৮.০১.১৯- ২৬৫ তারিখঃ ০৬ ফাল্গুন ১৪৩২ / ১৮ ফেব্রুয়ারি ২০২৬

বিতরণ:

০১. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: যুগ্ম সচিব (উন্নয়ন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়)।
০২. পরিচালক ............................................................................ (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩. প্রকল্প পরিচালক, টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকার ২য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪. প্রকল্প পরিচালক, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (৩য় পর্ব) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫. প্রকল্প পরিচালক, Life Skills Education in Youth Training Center and Strengthening of National Youth Platform' প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৬ প্রকল্প পরিচালক, Economic Acceleration and Resilience for NEET (EARN) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৭. প্রকল্প পরিচালক, Leaving No One Behind: Improving Skills and Economic Opportunities for the Women and Youths in Cox's Bazar, Bangladesh (ISEC) Project, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৮. প্রকল্প পরিচালক, 'ফিজিবিলিটি স্ট্যাডি ফর নিউ প্রজেক্টস অব ডিওয়াইডি' শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৯. প্রকল্প পরিচালক, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, '৬৪টি জেলায় তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১১. প্রকল্প পরিচালক, দেশের ৪৮টি জেলায় 'শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১২. প্রকল্প পরিচালক, তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন যুবদের কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) প্রযুক্তির মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১. প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০২. মহাপরিচালক (গ্রেড-১), মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
০৩. পরিচালক (পরিকল্পনা), মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।

১৮.০২.২৬

(মোঃ হাবিবুর রহমান তালুকদার)
সহকারী পরিচালক (পরিকল্পনা-২)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।